

Model Activity task 2021(August)

Class-10 | History |(Part-5)

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | আগস্ট

দশম শ্রেণী | ইতিহাস | (পার্ট -৫)

১. 'ক' স্তম্ভের সাথে 'খ' স্তম্ভ মেলাও:

ক- স্তম্ভ	খ- স্তম্ভ
১.১ ভাইসরয়	(গ) লর্ড ক্যানিং
১.২ চৈত্র মেলা	(ঘ) নবগোপাল মিত্র
১.৩ জমিদার সভা	(ক) রাধাকান্ত দেব
১.৪ বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট	(খ) তারকনাথ পালিত

২. সত্য বা মিথ্যা নির্ণয় করো :

২.১) ১৮৫৭ খ্রিস্টাব্দের বিদ্রোহের অভিঘাতে ভারতে ব্রিটিশ শাসনের সমাপ্তি ঘটেছিল। **মিথ্যা**

২.২) ভারতসভা গড়ে উঠেছিল দেশের জনগণকে বৃহত্তর রাজনৈতিক কর্মকাণ্ডে একজোট করার জন্য। **সত্য**

২.৩) ভারতে ছাপা প্রথম বাংলা বই 'এ গ্রামার অব দ্য বেঙ্গল ল্যাঙ্গুয়েজ।' **মিথ্যা**

২.৪) ১৮০০ খ্রিস্টাব্দে ফোর্ট উইলিয়াম কলেজ ও শ্রীরামপুর ব্যাপটিস্ট মিশন প্রতিষ্ঠিত হয়। **সত্য**

৩. দুটি বা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

৩.১) মহেন্দ্রলাল সরকার কেন স্মরণীয়?

উত্তরঃ মহেন্দ্রলাল সরকার (জন্ম ২ নভেম্বর ১৮৩৩ - মৃত্যু ২৩ ফেব্রুয়ারি, ১৯০৪) পেশায় চিকিৎসক ছিলেন। তিনি ১৮৭৬ সালে ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কালটিভেশন অফ সাইন্স-এর প্রতিষ্ঠাতা। তিনি এই প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা করে ভারতে বিজ্ঞান প্রসারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আজও স্মরণীয় হয়ে আছেন।

৩.২) শিক্ষা বিস্তারে শ্রীরামপুর ব্যাপটিস্ট মিশনের ভূমিকার উল্লেখ কর।

উত্তরঃ খ্রিস্টান মিশনারি ভারতে আসার আগে আনুষ্ঠানিক শিক্ষা মূলত উচ্চসমাজের মধ্যেই সীমাবদ্ধ ছিল কিন্তু উইলিয়াম কেরি বাংলায় এসে ১৮০০ খ্রিস্টাব্দে শ্রীরামপুরে ছাপাখানা প্রতিষ্ঠা করেন। এরই ফলশ্রুতিতে বাইবেল, রামায়ণ, মহাভারত-সহ বিভিন্ন প্রাচীন ভারতীয় সাহিত্যের বাংলা

অনুবাদ ও পাঠ্যপুস্তক প্রকাশিত হয়ে সুলভে গ্রামগঞ্জের সাধারণ শিক্ষার্থীদের হাতে পর্যন্ত পৌঁছে যায়। এভাবেই ব্যাপটিস্ট মিশন বাংলায় গণশিক্ষার প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা নেন।

৪. সাত বা আটটি বাক্যে উত্তর দাও:

রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাচিন্তায় কোন দিকটি শান্তিনিকেতন প্রতিষ্ঠায় সবচেয়ে বেশি ফুটে উঠেছিল?

উত্তরঃ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর শান্তিনিকেতন শিক্ষাপ্রতিষ্ঠানটি নিজের শিক্ষাচিন্তার ভিত্তিতে গড়ে তুলেছিলেন।

রবীন্দ্রনাথের শান্তিনিকেতন ভাবনা:

- i) রবীন্দ্রনাথ ঠাকুর তার নিজস্ব শিক্ষাচিন্তার ভিত্তিতে শান্তিনিকেতন শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলেন কারণ তিনি চেয়েছিলেন প্রকৃতির কাছাকাছি আদর্শ পরিবেশের মধ্যে শিশুদের বড়ো করে তুলতে।
- ii) রবীন্দ্রনাথ ঠাকুর প্রাচীন ভারতের আশ্রমিক শিক্ষার ভাবধারায় অনুপ্রাণিত হয়েছিলেন বলেই তিনি শিক্ষার্থীদের শান্তিনিকেতনে রেখে শিক্ষা দেওয়ার পরিকল্পনা করেছিলেন।
- iii) রবীন্দ্রনাথ শান্তিনিকেতনে গুরু ও শিষ্যের মধ্যে মধুর সম্পর্ক গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেছিলেন।
- iv) রবীন্দ্রনাথ শান্তিনিকেতনে শিক্ষার্থীদের সৃজনমূলক কাজের উপর গুরুত্ব আরোপ করেছিলেন এমনকি এখানে তিনি বিভিন্ন ধরনের উৎসব পালন করারও ব্যবস্থা করেছিলেন। তিনি বলতেন এসবের মাধ্যমে শিক্ষার্থীদের পরিপূর্ণ বিকাশ ঘটবে।